দৈনিক বাংলা

তারিখ ... ১২।৪।৮৩...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

022

# কথাশিল্পী শওকত আলীকে অজিত গুহ সাহিত্য পুরস্কার দান

(স্টাফ রিপোর্টার)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ মিলনায়তনে গতকাল অজিত গুহ সাহিত্য পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব আ ন ম বজলুর রহমান কথা শিল্পী শওকত আলীকে প্রথম সাহিত্য পুরস্কার পাঁচ হাজার এক টাকা বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অবজারভার সম্পাদক জনাব ওবায়দুল হক। বিশেষ অতিথি ছিলেন দৈনিক বাংলা ও বিচিত্রার সম্পাদক কবি শামসুর রাহমান।

অধ্যাপক অজিত গুহের ব্যক্তিত্ব, সাহিত্যপ্রীতি ও বিভিন্ন গুণাবলীর কথা উল্লেখ করে স্মৃতিচারণ করেন কলেজের প্রাক্তন অধ্যক্ষ জনাব আ ন ম বজলুর রহমান, বর্তমান অধ্যক্ষ ডঃ আশরাফ সিদ্দিকী, কথাশিল্পী শওকত ওসমান, অধ্যাপক মীর্জা হারুনর রশীদ, আবদুল হালিমও পুরস্কৃত, কথাশিল্পী অধ্যাপক শওকত আলী।

জনাব ওবায়দুল হক পুরস্কৃত কথাশিল্পী শওকত আলী এবং পুরস্কারের উদ্যোক্তাদের অভিনন্দিত করে বলেন, পুরস্কারের জন্যে শওকত আলীকে নির্বাচন যথাযোগ্য হয়েছে।

কবি শামসুর রাহমান পুরস্কৃত কথাশিল্পী শওকত আলীকে অভিনন্দিত করে বলেন, এদেশে বামপন্থীদের মধ্যে সাহিত্যকে শ্লোগানধর্মী করে তোলার প্রবণতা রয়েছে। এতে শিল্পরূপ ক্ষুণ্ণ হয়। শওকত আলী তার রচনায় শিল্পকে বিসর্জন দেননি।

কলেজের অধ্যক্ষ ডঃ আশরাফ সিদ্দিকী বলেন, ছাত্র-ছাত্রী এবং শিক্ষকবৃন্দের সহযোগিতায় অজিত গুহ স্মৃতি পুরস্কারের জন্যে একটি তহবিল তৈরির কাজ এগিয়ে চলেছে।

পুরস্কৃত কথাশিল্পী শওকত আলীকে মাল্যদান করেন প্রবীণ কথাসাহিত্যিক শওকত ওসমান। পুরস্কার বিতরণের পর একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।